রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ১১, ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ বৈশাখ ১৪১১/৫ মে ২০০৪

এস, আর, ও, নং ১২২/আইন/২০০৪।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে এবং এতদ্‌সংক্রান্ত সকল বিধি বাতিলক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।—এই বিধিমালা যুব উন্নয়ন অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৪ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা** ঃ বিষয় অথবা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত কোন তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসেবে নিযুক্ত কোন ব্যক্তি;

(ছ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" অর্থ আপততঃ বলবৎ কোন আইন দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বুঝাইবে এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড ইহার অন্তর্ভুক্ত হইবে;

(জ) "বাছাই কমিটি" অর্থ এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত বাছাই কমিটি;



মূল্য ঃ টাকা ৩.০০

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে কোন পদে নিম্ন বিধৃত পদ্ধতিতে নিয়োগ করা হইবে, যথা ঃ

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগক্ষেত্রে, তাঁহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়স-সীমার মধ্যে না হয় ঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতোপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাঁহার সর্বোচ্চ বয়সসীমা শিথিল করা যাইতে পারে।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দ না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা ক্ষেত্রবিশেষে, মহাপরিচালক কর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা উক্ত পদের দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব-কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের নির্ধারিত ফরম ও নির্ধারিত ফি বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নাতির মাধ্যমে নিয়োগ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিস।**—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদের নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, চাকুরীতে যোগদানের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসির শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে কিংবা তাহার দক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, উক্ত শিক্ষানবিসির চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পন্ন হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসির আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল তাহা হইলে, তাহার চাকুরী স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসির আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, উক্ত শিক্ষানবিসির চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাস করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **রহিতকরণ ও হেফাজত।**—(১) বিগত এপ্রিল ৭, ২০০৩ ইংরেজী তারিখে এস, আর, ও, নং ৫৭-আইন/৯৩ দ্বারা জারীকৃত যুব উন্নয়ন অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৩ তারিখ এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও রহিতকৃত বিধিমালার অধীন কৃত কার্যাবলী ও গৃহীত ব্যবস্থা অত্র বিধিমালার অধীন কৃত কার্য ও গৃহীত ব্যবস্থা বলিয়া গণ্য হইবে।

"তফসিল"

[বিধি ২(খ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগের পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | মহাপরিচালক | | **পদোন্নতির মাধ্যমে ঃ** তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** পরিচালক পদে পাঁচ বৎসরের চাকুরীসহ আঠার বৎসরের ১ম শ্রেণীর সরকারী চাকুরীর অভিজ্ঞতা। |
| ২। | পরিচালক | | **পদোন্নতির মাধ্যমে ঃ** তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** উপ-পরিচালক পদে পাঁচ বৎসরের চাকুরীসহ বার বৎসরের ১ম শ্রেণীর সরকারী চাকুরীর অভিজ্ঞতা। |
| ৩। | উপ-পরিচালক | ৩৭ বছর; তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। | (ক) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদোন্নতির মাধ্যমে; পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং সাত বৎসরের ১ম শ্রেণীর সরকারী চাকুরীর অভিজ্ঞতা।<br>**(খ) পদোন্নতির ক্ষেত্রে ঃ** সহকারী পরিচালক পদে সাত বৎসরের চাকুরী। |
| ৪। | সহকারী পরিচালক | ৩০ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স সীমা শিথিলযোগ্য। | (ক) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদোন্নতির মাধ্যমে; পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** (অ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা;<br>(আ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষা জীবনে যে কোন ৩টি পরীক্ষায় ন্যূনতম ৩টি দ্বিতীয় বিভাগ/শ্রেণীসহ স্নাতকোত্তর ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | (খ) পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>যুব উন্নয়ন কর্মকর্তা পদে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৫। | যুব উন্নয়ন কর্মকর্তা | ৩০ বৎসর;<br>তবে বিভাগীয় প্রার্থীদেরক্ষেত্রে বয়স সীমা শিথিলযোগ্য। | (ক) ৬৭% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৩৩% পদোন্নতির মাধ্যমে। | (ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রী এবং শিক্ষা জীবনে যে কোন ২টি পরীক্ষায় ন্যূনতম ২টি দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে।<br>(খ) পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>(অ) গ্রুপ এনিমেটর বা কম্পিউটার অপারেটর পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী; অথবা<br>(আ) হিসাবরক্ষক পদে ৭ (সাত) বৎসরের চাকুরী; অথবা<br>(ই) সহকারী হিসাবরক্ষক পদে ১০ (দশ) বৎসরের চাকুরী; অথবা<br>(ঈ) সাঁট-লিপিকার পদে ৮ (আট) বৎসরের চাকুরী; অথবা<br>(উ) উচ্চমান সহকারী বা সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টোর কিপার পদে ১০ (দশ) বৎসরের চাকুরী। |
| ৬। | গ্রুপ এনিমেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী থাকিতে হইবে এবং শিক্ষা জীবনে যে কোন ২টি পরীক্ষায় ন্যূনতম ২টি দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে। |
| ৭। | কম্পিউটার অপারেটর | Computer personnel (Government and Local authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ৮। | হিসাবরক্ষক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>সহকারী হিসাবরক্ষক পদে ৩ (তিন) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রীসহ হিসাব সংক্রান্ত কাজে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৯। | সহকারী হিসাবরক্ষক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে ঃ তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ ক্যাশিয়ার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রীসহ সংশিষ্ট ক্ষেত্রে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। |
| ১০। | সাঁট-লিপিকার | Stenographers and Stenotypists (Misnistries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। | | |
| ১১। | সাঁট-মুদ্রাক্ষরিক | Stenographers and Stenotypists (Misnistries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। | | |
| ১২। | উচ্চমান সহকারী | ৩০ বৎসর | (ক) ৬৭% পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৩৩% সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। |
| ১৩। | স্টোর কিপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| ১৪। | হিসাব সহকারী-কাম- মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | স্বীকৃত কোন শিক্ষা বোর্ড হইতে বাণিজ্য বিভাগে এইচ. এস. সি পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে এবং বাংলা ও ইংরেজী টাইপে যথাক্রমে ২০ ও ৩০ শব্দের গতি থাকিতে হইবে। |
| ১৫। | ক্যাশিয়ার | সংস্থাপন মন্ত্রণালয়ের ১৪-২-৯৫ইং তারিখের এস, আর, ও নং-২৪-আইন/৯৫-সম/বিধি-১/আর-৫৯/৯৩ এর ৬ নং ক্রমিক তফসিলের বিধান প্রযোজ্য হইবে। | | |
| ১৬। | নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেচপাচ রাইডার, এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৭। | ক্যাশ সরকার/ ক্যাশ সরকার- কাম এম, এল, এস, এস। | সংস্থাপন মন্ত্রণালয়ের ১৪-২-৯৫ইং তারিখের এস, আর, ও নং-২৪-আইন/ ৯৫-সম/বিধি-১/আর-৫৯/৯৩ এর ৮ নং ক্রমিক তফসিলের বিধান প্রযোজ্য হইবে। | | |
| ১৮। | পিয়ন/ বার্তাবাহক | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেচপাচ রাইডার, এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। | | |
| ১৯। | এম, এল, এস, এস | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেচপাচ রাইডার, এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। | | |
| ২০। | নৈশ প্রহরী/ ঝাড়ুদার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অন্যূন ৮ম শ্রেণী পাস। |
| ২১। | গাড়ী চালক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অন্যূন ৮ম শ্রেণী পাস এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালনায় অভিজ্ঞতা- সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবু সোলায়মান চৌধুরী**
ভারপ্রাপ্ত সচিব।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।